# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২০৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৪. দু’ ওয়াক্তের সালাত একত্র করা প্রসঙ্গে

باب الْجَمْعِ بَيْنَ الصَّلاَتَيْنِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ الْمَكِّيِّ، عَنْ أَبِي الطُّفَيْلِ، عَامِرِ بْنِ وَاثِلَةَ أَنَّ مُعَاذَ بْنَ جَبَلٍ، أَخْبَرَهُمْ أَنَّهُمْ، خَرَجُوا مَعَ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم فِي غَزْوَةِ تَبُوكَ فَكَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَجْمَعُ بَيْنَ الظُّهْرِ وَالْعَصْرِ وَالْمَغْرِبِ وَالْعِشَاءِ فَأَخَّرَ الصَّلاَةَ يَوْمًا، ثُمَّ خَرَجَ فَصَلَّى الظُّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا، ثُمَّ دَخَلَ ثُمَّ خَرَجَ فَصَلَّى الْمَغْرِبَ وَالْعِشَاءَ جَمِيعًا .

ـ صحيح : م

বাংলা

১২০৬। আবুত-তুফাইল ’আমির ইবনু ওয়াসিলাহ (রহঃ) সূত্রে বর্ণিত। মু’আয ইবনু জাবাল (রাঃ) তাদেরকে অবহিত করেন যে, তাবুক যুদ্ধে তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বের হন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহর ও ’আসর সালাত একত্রে এবং মাগরিব ও ’ইশা সালাত একত্রে আদায় করেন। একদিন তিনি সালাত বিলম্বে আদায় করেন। (যুহর বিলম্ব করে) যুহর ও ’আসর একত্রে আদায় করেন। অতঃপর তিনি আবার (তাঁবুতে) প্রবেশ করেন। তারপর বেরিয়ে মাগরিব ও ’ইশার সালাত একত্রে আদায় করেন।[1]

সহীহ : মুসলিম।

## English

Narrated Mu’adh bin Jabal :
They (the Companions) proceeded on the expedition of Tabuk along with the

Messenger of Allah (ﷺ). He combined the noon and afternoon prayers and the sunset and night prayers. One day he delayed the prayer and came out (of his dwelling) and combined the noon and the afternoon prayers. He then went it and then came out and combined the sunset and the night prayers.

### ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ দুই সালাতকে একত্রে আদায় করা), তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ দুই সালাত একত্রিত করা, হাঃ ৫৫৩), নাসায়ী (অধ্যায় : ওয়াক্তসমূহ, হাঃ ৫৮৬), ইবনু খুযাইমাহ (৯৬৬), দারিমী (অধ্যায়ঃ সালাত, অনুঃ দুই সালাত একত্র করা)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আমির ইবনু ওয়াসিলা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58524

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন